অর্ধশতাব্দী কাল পরে হলো জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা। যাঁদের নেতৃত্বে কংগ্রেস সেদিন জাতির আশা আকাঙ্ক্ষাকে ব্যক্ত করেছে তাঁরা আশা করেছিলেন যে উদারনীতিতে বিশ্বাসী ইংরাজ ধাপে ধাপে রাষ্ট্রিক ক্ষেত্রে ভারতবাসীকে স্বায়ত্তশাসনের সুযোগ দেবে এবং একদা হয়তো ব্রিটিশ সাম্রাজ্যই হয়ে উঠবে সাম্য মৈত্রী ও স্বাধীনতার প্রতিষ্ঠাভূমি, আত্মনিয়ন্ত্রণক্ষম বহু জাতির এক কমনওয়েলথ। রামমোহন নিজেও একদিন এই স্বপ্নই দেখেছিলেন। কিন্তু সংকীর্ণ জাতীয় স্বার্থবুদ্ধিপ্রণোদিত ইংরাজের আচরণ থেকে যখন এটা ক্রমশ স্পষ্ট হতে লাগল যে ভারতবাসীকে স্বায়ত্তশাসনে অভ্যস্ত করার চেয়ে তাদের শোষণ করে স্বদেশের ঐশ্বর্য ও শক্তিবৃদ্ধিই তাদের একমাত্র লক্ষ্য, তখন এ দেশের রাজনীতিতেও নিয়মতান্ত্রিক উদারপন্থীদের আবেদন-নিবেদনের রাজনীতি বর্জন করে বিদেশি শাসন হতে সম্পূর্ণরূপে মুক্ত স্বতন্ত্র এক রাষ্ট্র প্রতিষ্ঠার দাবিতে এক জঙ্গী গণ-আন্দোলন গড়ে তোলার উদ্যোগ দেখা গেল, যা ক্রমশই হিংস্র হয়ে উঠল।

জাতীয় মুক্তি আন্দোলনের এই সন্ধিক্ষেপে ভারতের রাজনীতিতে আবির্ভূত হলেন গান্ধীজি। উদারপন্থী গোখল ও চরমপন্থী তিলক উভয়কেই তাঁর রাজনৈতিক জীবনের গুরু বলে স্বীকার করে নিয়েও গান্ধীজি তাঁর 'হিন্দু স্বরাজ' গ্রন্থে (১৯০৯) তাঁর স্বরাজ ভাবনা ও স্বরাজ সাধনার যে ইঙ্গিত দিলেন তা যে শুধু গোখলের কাছেই স্পষ্টত অগ্রাহ্য হয়েছিল তা নয়, চরমপন্থীদের কাছেও তাঁর মত ও পথ বিশেষ উপাদেয় ছিল না। ওই গ্রন্থে গান্ধীজি দেখালেন দুর্বলের আবেদন-নিবেদনে স্বায়ত্তশাসন আসবে না, অপরপক্ষে বলপ্রয়োগ করে

ইংরাজকে তাড়িয়ে ভারতবর্ষ যদি স্বায়ত্তশাসন লাভ করেও তবু তা স্বরাজ হবে না, কারণ গান্ধীজির কাছে স্বরাজ-এর অর্থ ছিল ভারতবর্ষকে তার স্বধর্মে প্রতিষ্ঠিত করা। আধ্যাত্মিকতাই তার স্বধর্ম। বলপ্রয়োগ বা হিংসা পশুর ধর্ম; এ দেশে ইংরাজ শাসন প্রতিষ্ঠিত ছিল এই পাশব শক্তির উপরেই। পাশব শক্তির সাহায্যে স্বায়ত্তশাসন লাভ করলে ভারতবর্ষ ইংরাজের মতোই পশুর স্বভাব প্রাপ্ত হবে, সে স্বধর্মচ্যুত হবে। ওই গ্রন্থে গান্ধীজি আরও দেখালেন যে ইংরাজকে সরিয়ে ভারতবর্ষে যদি পশ্চিমী সভ্যতার অনুকরণে এক রাষ্ট্রব্যবস্থা ও অর্থনীতি গড়ে ওঠে তা হলেও ভারতবাসী স্বরাজ লাভ করবে না। গান্ধীজি ততটা ইংরাজদেবী ছিলেন না যতটা ছিলেন পাশ্চাত্য সভ্যতা-দেবী। কারণ তাঁর মতে এই সভ্যতা এক আধ্যাত্মিক ব্যাধি।

যে আধুনিক পাশ্চাত্য সভ্যতাকে স্বীকার করে নিয়ে রামমোহন এ দেশে এক নব্যযুগের প্রবর্তন করেছিলেন, তাঁর মৃত্যুর পাঁচাত্তর বছর পরে তার প্রতি বিদ্রোহ প্রকাশ করে গান্ধীজি কি তবে রামমোহন-প্রবর্তিত ধারাকেই সম্পূর্ণরূপে অগ্রাহ্য করতে চেয়েছিলেন?

রামমোহন স্বাগত জানিয়েছিলেন, আধুনিক ইউরোপের উদার মানবতাবাদকে, এনলাইটেনমেন্ট-এর মনের মুক্তির সাধনাকে, ফরাসী বিপ্লবের সাম্য মৈত্রী স্বাধীনতার আদর্শকে। কিন্তু আধুনিক ইউরোপের এই সভ্যতা ইহসর্বস্ববাদী; তার মানবতাবাদ দেহাত্মবাদী; তার স্বাধীনতা সৌভাত্র ও সাম্যের প্রতিষ্ঠা বৈষয়িক ক্ষেত্রে। বিজ্ঞান ও যন্ত্রশিল্পের ব্যবহারে মানুষের কামোপভোগের নানা উপকরণ সৃষ্টিতেই এর সমস্ত শক্তি নিয়োজিত এবং অর্থ ও কামের সেবাই এই সভ্যতার পরম পুরুষার্থ।

ফলে স্বাধীনতা পর্যবসিত হলো লোভের অসংযত প্রকাশে, যুক্তি হলো স্বার্থসিদ্ধির সহায়, শ্রেয়োবুদ্ধি হলো আচ্ছন্ন; ক্ষুধা হলো সমাজস্থিতি বা সৌভাত্র, দেখা দিল উৎকট বৈষম্য। মানুষ হয়ে উঠল লোভী, আগ্রাসী, শাদুলস্বভাব। গান্ধীজি ইংরাজ শাসনে পশ্চিমী সভ্যতার এই রূপটিই প্রত্যক্ষ করেছিলেন, যেখানে ঐহিক সুখ-সমৃদ্ধির অসংযত লোভে মানুষ বিভূত দেবতা ম্যামন-এর কাছে বলি দিয়েছে তার আত্মাকে, আর তার কামোপভোগের বিবিধ উপকরণ সংগ্রহের আয়োজন করতে গিয়ে যন্ত্রশিল্প-নির্ভর যে উৎপাদন ব্যবস্থা গড়ে উঠেছে তাতে মানুষের জীবন হারিয়েছে সরলতা ও স্বাচ্ছন্দ্য; মানুষ ভুলেছে যে, ত্যাগের দ্বারাই হয় জিজীবিস্যার তর্পণ।

ঐহিক মানবতাবাদের এই করুণ পরিণতি একদিন কার্ল মার্ক্স-এর কাছেও স্পষ্ট হয়ে উঠেছিল। ১৮৪৪ সালেই তিনি বলেছিলেন বৈষয়িক সম্পদবৃদ্ধির আয়োজনে “all passions, all activities are submerged in avarice”; আর এই আয়োজন হতে উদ্ভূত উৎপাদন ব্যবস্থায় মানুষ হারিয়েছে নির্মল বায়ু সেবনের, অঙ্গপ্রত্যঙ্গ সঞ্চালনের সহজ স্বাধীনতা। আসলে এই ব্যবস্থা মারে মানুষের প্রাণকেই, “deprives man of life, of real human needs”; এই সভ্যতায় “the less you are, the less you express your life, the more you have.” এক কথায়, আধুনিক ভোগবাদী সভ্যতায় আরও পাওয়ার প্রযত্নে মানুষ ভুলেছে হওয়ার সাধনাকে,—হারিয়েছে তার মনুষ্যত্বকে, আপন স্বভাবের সার্থক প্রকাশের সামর্থ্যকে।

বৈষয়িক সমৃদ্ধির সাধনায় আধুনিক সভ্যতায়

মনুষ্যত্বের এই পরাভব দেখে পীড়িত হলেও মার্ক্স কিন্তু যন্ত্রশিল্প-নির্ভর উৎপাদন ব্যবস্থার সম্যক বিকাশের মধ্যেই মানবস্বভাবের সার্থক প্রকাশের সম্ভাবনা দেখেছিলেন। তিনি ভেবেছিলেন উৎপাদন ব্যবস্থায় ব্যক্তিগত মালিকানা ঘুচিয়ে সেখানে সামাজিক কর্তৃত্ব প্রতিষ্ঠা করলেই উদ্বৃত্ত সম্পদের সুষম বন্টন হবে সর্বসাধারণের মধ্যে, যাতে প্রতিটি ব্যক্তিই তার মনুষ্যত্ব বিকাশের জন্য প্রয়োজনীয় উপকরণ ও যথেষ্ট অবসর পেতে পারে। ফলে ব্যক্তির অভ্যুদয়ে হবে সমাজের সর্বোদয়; শোষণ ও শাসনের জন্য গঠিত রাষ্ট্রযন্ত্রের সেদিন আর কোনো ভূমিকা থাকবে না— “The state will wither away.” সাম্য ও সৌভ্রাতের ভিত্তিতে প্রতিষ্ঠিত হবে সর্বসাধারণের আত্মকর্তৃত্ব। তখনই মানুষ প্রকৃত স্বাধীনতা লাভ করবে।

মার্ক্স-এর মৃত্যুর পর এক শতাব্দী কাল অতিবাহিত হয়েছে। তাঁর বিখ্যাত গ্রন্থ ক্যাপিটাল-এর প্রথম খণ্ড প্রকাশিত হওয়ার অর্ধশতাব্দী কাল পরে রাশিয়ায় এক হিংসাত্মক বিপ্লবের ভিতর দিয়ে প্রতিষ্ঠিত হলো এক নূতন সমাজ, যার রাষ্ট্রনীতি ও অর্থনীতি গড়ে উঠল মার্ক্সীয় মতাদর্শের অনুসরণে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর আরও অনেকগুলি দেশে মার্ক্সীয় মতাদর্শ পরীক্ষিত হতে লাগল। কার্যত দেখা গেল এইসব দেশে উৎপাদন ও বন্টন ব্যবস্থা রাষ্ট্রায়ত্ত্ব হওয়ার ফলে রাষ্ট্রের তথা রাষ্ট্র পরিচালক একটি দলের হাতে অপারিসীম ক্ষমতা পুঞ্জীভূত হয়েছে এবং তার ফলে রাষ্ট্র হয়েছে আরও বেশি হিংসাত্মক ও পীড়নমূলক। জনসাধারণের আত্মকর্তৃত্বের চর্চার সুযোগ সেখানে সম্পূর্ণ অনুপস্থিত। সেই সর্বগ্রাসী রাষ্ট্রের সার্বিক পীড়নের বিরুদ্ধে যাঁরা প্রতিবাদে সাহসী হন,

কর্তৃপক্ষের বিচারে তাঁরা রাষ্ট্রদ্রোহী, সমাজবিরোধী, উন্মাদ; তাঁদের স্থান দাসশ্রম শিবিরে বা উন্মাদ আশ্রমে। গত তিন বছর ধরে পোল্যান্ডের শ্রমিক শ্রেণির স্বরাজ আন্দোলনকে দমন করার জন্য পোলিশ ও সোভিয়েট কর্তৃপক্ষকে সর্বশক্তি নিয়োগ করতে হয়েছে। যে মতাদর্শকে টিকিয়ে রাখতে হয় সামরিক বল তথা পাশব শক্তির দ্বারা, মানব-স্বাধীনতার ক্ষেত্রে সেই মতাদর্শের ব্যর্থতা সুস্পষ্ট।

গান্ধীজি বলেছিলেন, “আমি যতদূর জানি, বলশেভিকতন্ত্র চায় সম্পত্তিতে ব্যক্তিগত মালিকানার উচ্ছেদ করতে। ব্যক্তিগত সম্পত্তির বিলোপ সাধন হলো অর্থনৈতিক ক্ষেত্রে অপরিগ্রহের নৈতিক আদর্শের প্রয়োগ। সর্বসাধারণ যদি স্বেচ্ছায় এই আদর্শ গ্রহণ করে তবে তার মতো আর কিছু হয় না। কিন্তু বলশেভিকরা তো ব্যক্তিগত সম্পত্তির উচ্ছেদ করতে ও উৎপাদন ব্যবস্থায় রাষ্ট্রের মালিকানা বজায় রাখতে বলপ্রয়োগের নীতি অসঙ্কোচে সমর্থন করে... হিংসার উপর স্থায়ী কিছু গড়া যায় না।”

“মানুষের আত্মা আছে। কিন্তু, রাষ্ট্রের তা নেই। সেইজন্য মানুষকে বদলানো যায়, কিন্তু রাষ্ট্রকে অহিংস করা যায় না, কারণ হিংসা ছাড়া রাষ্ট্র থাকতে পারে না। আমার দৃঢ় বিশ্বাস যে দুনিয়া হতে রাষ্ট্র বল প্রয়োগ করে ধনতন্ত্রের উচ্ছেদ সাধন যদি সম্ভব হয়ও, তবু হিংসার কবল হতে কিছুতেই মানুষ নিষ্কৃতি পাবে না।... (ফলে) মানুষে মানুষে ভেদ থেকেই যায়।”

ধনতন্ত্র ও মার্ক্সীয় সমাজতন্ত্র, উভয়ের ব্যর্থতাই আজ সুস্পষ্ট। আসলে উভয় ব্যবস্থার মধ্যেই প্রকাশ পেয়েছে আধুনিক পাশ্চাত্য সভ্যতার আসুরিক

প্রকৃতি। গীতায় বলেছে, “অসুরস্বভাব ব্যক্তির। ঈশ্বর-দেবী; তারা অহংকার বল (পরপীড়ন) দর্প কাম ক্রোধ আশ্রয় করে সর্বভূতের অন্তরশায়ী ভগবানকে আপন ও পরদেহে আঘাত করে থাকে (গীতা- ১৬।১৮)। গান্ধীজি ‘হিন্দু স্বরাজ’ গ্রন্থে আধুনিক পাশ্চাত্য সভ্যতাকে বলেছেন ধর্মহীন, ঈশ্বরদেবী। এর মূলে আছে পরপীড়নপ্রবণতা, হিংসা। গান্ধীজির মতে আধুনিক যন্ত্রশিল্প এই সভ্যতার প্রতীক, কারণ বিশ্বপ্রকৃতিকে শোষণ করে মানুষ এর সাহায্যে শক্তি আহরণ করে নিজের শক্তিবৃদ্ধির চেষ্টায় অহরহ আঘাত দিচ্ছে বিশ্বগত আত্মাকে, পীড়িত করছে মানবাত্মাকে। আধুনিক সভ্যতার সমূহ সঙ্কটে, যখন আধ্যাত্মিক ও বাস্তব্য পরিবেশ ভয়াবহভাবে কলুষিত, তখন গান্ধীজির এই ধারণার সভ্যতা উপলব্ধি করছেন অনেকেই। যন্ত্রশিল্প-নির্ভর সমাজে সকল শক্তি পুঞ্জীভূত হয় একটি কেন্দ্রে এবং সমাজতান্ত্রিক রাষ্ট্রে তা শেষপর্যন্ত পুঞ্জীভূত হয় রাষ্ট্রে। আসুরিক সমাজতন্ত্র ধনতন্ত্রের বিকল্প নয়।

এই আসুরিক সভ্যতাকে বর্জন করেই গান্ধীজি প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন হিন্দু স্বরাজ, যার ভিত্তি ধর্ম বা আধ্যাত্মিকতা। এ স্বরাজের আদর্শ ইউরোপের উদার মানবতাকে স্বীকার করেই তাকে প্রতিষ্ঠা করতে চেয়েছে এ দেশের আধ্যাত্মিকতার উপর, বেদান্তের অদ্বৈতবোধের উপর, যার মূল সূত্রটি আমরা পাই ঈশাবাস্য শ্রুতির প্রথম মন্ত্রেই; ঈশাবাস্যমিদং সর্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যস্বিক্তনং।।

গতিশীল এই জগতের মধ্যে যা নিত্য, সেই ঈশ্বরের দ্বারা সব কিছুকেই উদ্ভাসিত দেখতে হবে, তাই দৃষ্টির বিশুদ্ধি। আর ঈশাবাসিত এই জগৎকে ভোগ করতে হবে ত্যাগের দ্বারা, কারও ধনের প্রতি লোলুপ না হয়ে। তা-ই ভোগের বিশুদ্ধি। এমনি করে দৃষ্টিশুদ্ধি ও ভোগ শুদ্ধি হলেই আপনার মধ্যে ও সর্বভূতে একই আত্মাকে অনুদর্শন করে আমরা সর্বভূতে ভয় ও দ্বेष রহিত হব। এই হলো গান্ধীজির স্বরাজ সাধনার লক্ষ্য ও পথ। সাম্য মৈত্রী স্বাধীনতা প্রতিষ্ঠার আধ্যাত্মিক ভিত্তিও এটাই। ইংরাজ মনীষী আরনেস্ট বার্কার যথার্থই বলেছেন, “গান্ধীজি ছিলেন ভারতীয় ও পাশ্চাত্য সভ্যতার মধ্যে এক সেতু— “a mixture between a great Indian tradition of devout philosophic religion and the Western tradition of civil and political liberty in the life of the community.” রামমোহনও চেয়েছিলেন ভারতের অধ্যাত্ম সাধনার সঙ্গে ইউরোপের পলিটিক্যাল লিবার্টির সাধনাকে যুক্ত করে এক নতুন ভারতবর্ষকে গড়ে তুলতে। রামমোহন হতে যে স্বরাজ সাধনার শুরু, গান্ধীজির মধ্যেই কি তা পূর্ণতা লাভ করেনি?

অক্টোবর, ১৫, ১৯৮৩

সৌজন্য :

শীতাংশু চট্টোপাধ্যায় লিখিত অস্তিত্বের সংকট ও বিবিধ প্রবন্ধ (নচিকেতা প্রকাশন, কলকাতা ৭০০০৬৪, পৃ. ৬৬-৭১) থেকে উৎকলিত।

গান্ধীজির সন্মানে কানাডার আদিবাসী নেতা

রঞ্জিত চৌধুরী

কানাডার First Nations বা আদিবাসী সমাজের জাতীয় নেতা Ovide Mercredi কয়েক মাস আগে ভারতবর্ষ

ঘুরে গেলেন। তিনি এসেছিলেন গান্ধীজির দেশে। গান্ধীজির দীর্ঘ সংঘাতপূর্ণ জীবন কাহিনী তাঁর ভারতে

আসার মুখ্য কারণ ছিল। গান্ধীজির দেশ ভারতবর্ষ, তার আকর্ষণ আলাদা। কানাডার আদিবাসীদের সংগ্রামে গান্ধীজির জীবন এক বড় শক্তির উৎস। ওভিডের নিজের ভাষায় তিনি গান্ধীজির সন্মানে ভারতে এসেছিলেন। চল্লিশের মাঝামাঝি বয়েস। বুদ্ধিদীপ্ত, বিনয়ী, কণ্ঠস্বরে আত্মপ্রত্যয়ের বলিষ্ঠ ছাপ। যাঁরা গান্ধীজির জীবন এবং দর্শনে উৎসাহী হয়ে ভারতে আসেন, তাঁরা সেবাগ্রামে আসবেনই এটা ধ্রুব। ওভিডও তাই করেছিলেন। কিন্তু তিনি

শুধু দেখতে আসেননি, তিনি জানতে এসেছিলেন, বুঝতে এসেছিলেন এবং খুঁজতে এসেছিলেন। সেবাগ্রামে বাপুকুটির দেখার পর স্বাভাবিকভাবে তাঁর ইচ্ছে হয় গান্ধী-দর্শনের উপর আলোচনা করতে। খবর নিয়ে জানতে পারলেন ওয়ার্ধায় Institute of Gandhian Studies-এ ছোট্ট এক গোষ্ঠী অধ্যাপক-গবেষক আছেন যেখানে এরকম আলোচনা-আড্ডা বসে। ওভিড এই গোষ্ঠীর সঙ্গে পরিচিত হতে আগ্রহী হয়ে উঠলেন। দলবল নিয়ে চলে এলেন ইনস্টিটিউট-এ। সেদিন সকালবেলা দীর্ঘ জমিট আড্ডা বসেছিল। আলোচনার ভিতর দিয়ে

কানাডার আদিবাসীদের সমস্যা সম্পর্কে অনেক কিছুই জানা গেল। ওভিড বললেন, ইতিহাসের গোড়া থেকে আমরাই কানাডার মানুষ। কানাডাকে আমরা বলতাম ‘কচ্ছপদ্বীপ’। আজ নিজেদের দেশের মাটিতে নিজেরাই বঞ্চিত। স্বৈচ্ছাগতিবিধির অধিকার নেই।

বাইরে থেকে যারা এসেছে তারা প্রায় সব জমি আমাদের থেকে কেড়ে নিয়েছে। কানাডার আদিবাসীদের কাহিনী নির্মম বঞ্চনার কাহিনী, প্রতারণার কাহিনী, বিশ্বাসঘাতকতার কাহিনী।

১৪৯২ সাল। নিজের অজান্তে কলম্বাস এক নতুন পৃথিবীতে পৌঁছে যান। বলা হয় তিনি আমেরিকা মহাদেশ আবিষ্কার করেন। পাঁচশ বছর পূর্তি উৎসবও হয়ে গেল। আসলে কলম্বাস এসে পৌঁছেছিলেন

পশ্চিম ভারতীয় দ্বীপে। ক্রমে আমেরিকা মহাদেশ উন্মুক্ত হলো। ইউরোপের লোকেরা ক্রমে ভাগ্যান্বেষণে দলে দলে এই নতুন পৃথিবীতে উপনিবেশ তৈরি করতে শুরু করে দিল। এদেশের লোকদের ভুল করে ওরা ইন্ডিয়ান আখ্যা দিয়েছিল। সেই জন্য কানাডার আদিবাসীদের ইউরোপীয়রা কানাডিয়ান ইন্ডিয়ান বলত। এই নামটি কিন্তু কানাডার আদিবাসীদের একেবারে পছন্দ নয়। এরা নিজেদের First Nation People বা First People বা আদিবাসী বলে পরিচয় দেয়। এই আদিবাসীরা ছিল শান্তিপ্ৰিয়, নিরলোভ, সরল এবং প্রকৃতিপ্রেমী।



Ovide Mercredi

ইউরোপীয়রা ছিল হিংস্র, লোভী, শঠ এবং অবিশ্বাসী। শিল্পবিপ্লবের প্রভাবে এরা প্রকৃতিকে শোষণ করতে শিখেছে, শিখেছে ধ্বংস করতে এবং লুট করে গ্রাস করতে। ক্রমে উন্নত প্রযুক্তিবিদ্যার জোরে গোটা মহাদেশটা এরা কজা করে ফেলল।

এক একটা এলাকায় এক এক রকম ফন্দি ব্যবহার করেছে। মার্কিন যুক্তরাষ্ট্রে আদিবাসীদের বর্বরভাবে হত্যা করে প্রায় সম্পূর্ণ নিশ্চিহ্ন করে এদের এলাকা দখল করেছে। মেক্সিকোতে জবরদখল করে এবং আদিবাসী মেয়েদের বিয়ে করে। আর কানাডাতে চুক্তির মাধ্যমে। কানাডাতে প্রায় চারশ চুক্তি সম্পাদিত হয়েছে আদিবাসী আর ইউরোপীয়দের মধ্যে। এখানে ইউরোপীয়দের উপনিবেশ ছিল ছোট ছোট এবং প্রথমে পূর্ব কানাডায় ছড়িয়ে ছিটিয়ে গড়ে উঠেছিল। তাই আদিবাসীদের সঙ্গে গায়ের জোর দেখানো সহজ ছিল না।

ওরা যখন কানাডায় আসতে শুরু করে তখন আদিবাসী জনসংখ্যা ছিল প্রায় এক কোটি সত্তর লক্ষ। আজকে আদিবাসী লোক সংখ্যা দাঁড়িয়েছে মাত্র কুড়ি লক্ষে। ইউরোপীয়রা আসে সঙ্গে আনে কলেরা, বসন্ত, টাইফয়েডের মতো মারাত্মক অনেক রকমের ব্যাধি। এই রোগ থেকে বাঁচতে পারে এমন প্রতিরোধ শক্তি এদের শরীরে তখনও দেখা দেয়নি। সেই সব ব্যাধিতে আদিবাসীদের বসতির পর বসতি উজাড় হয়ে গেছে। অনেক গোষ্ঠী নিশ্চিহ্ন হয়ে গেছে। যেমন Beothuk গোষ্ঠী। মহামারীর কবলে পড়ে এরা লুপ্ত হয়েছে, এ কথা সবাই জানে।

তারপর এল দুর্ভিক্ষ। অনেক অনেক আদিবাসী না খেতে পেয়ে মরেছে। ইউরোপীয়দের পশ্চিমে বিস্তারের সময় হাজার হাজার মোষের পাল ধ্বংস করেছে। সেই সঙ্গে অন্য সব জানোয়ারও। আদিবাসীরা নির্ভর করতো শিকারের উপর। মোষ এবং অন্য পশু নিশ্চিহ্ন হওয়ায় শিকার মিললো না।

সে কারণে খাদ্যাভাব দেখা দিল এবং তাতে প্রচুর লোক প্রাণ হারালো। একদিকে জমির অভাবে শস্য উৎপাদন হলো না, শিকারের পশুও মিললো না। দেখা দিল দুর্ভিক্ষ। এদের আসার পর দ্রুত আদিবাসী জনসংখ্যা কমতে শুরু করে। আদিবাসীদের তিগ্নাটি ভাষা ছিল। আজকে বাঁচার মতো বেঁচে আছে তিনটি ভাষা। সেই তিনটি ভাষা— Cree, Ojibwa এবং Inuktitut।

আদিবাসীরা আগন্তুকদের সঙ্গে অত্যন্ত বন্ধুত্বপূর্ণ ব্যবহার করেছিল। যারা প্রথম এসেছিল তাদের কোনো আশ্রয় ছিল না। মাথা গোঁজার স্থান ছিল না। দীর্ঘ সমুদ্র যাত্রার পর তারা প্রায় প্রাণটিকে হাতে করে কানাডার মাটিতে পা রাখে। আদিবাসীরা তাদের অতিথি হিসাবে গ্রহণ করেছিল। উদারভাবে এদের সাহায্য করেছে। ক্ষুধায় ওদের খাদ্য দিয়েছে। ওদের আশ্রয় দিয়েছে। ওরা জানতো না প্রতিকূল আবহাওয়ায় খাবার কোথায় পাওয়া যায়। শস্য কি করে উৎপাদন করতে হয়। আদিবাসীরাই ওদের শিখিয়েছে সেই আবহাওয়ায় কি করে বাঁচতে হয়।

আর এখন পশ্চিম কানাডায় আদিবাসীরা যেতে পারে না। পশ্চিম কানাডায় যেতে গেলে ওদের এখন সরকারি অনুমতি পত্রের দরকার হয়। নিজেদের দেশে নিজের প্রবেশের অধিকার নেই। ওভিড বলে উঠলেন—কি ভয়ঙ্কর অন্যায়, বুঝে দেখুন! এই অন্যায় আমাদের মেনে নিতে হচ্ছে। যারা বাইরে থেকে এসেছে তারা আদিবাসীদের নিজেদের দেশে স্বেচ্ছায় যাতায়াতের অধিকার কেড়ে নিয়েছে। আমাদের মানব অধিকার নেই! এরা বড় গলায় বিশ্বের কাছে মানব অধিকারের কথা বলে। কিন্তু নিজেদের দেশের আদিবাসীদের মৌলিক অধিকার কেড়ে নিয়েছে।

কানাডায় ইউরোপীয় ছাড়া তিনটে প্রধান সম্প্রদায় আছে— Canadian Indians, Inuits এবং

Me'tis। Inuits-রা এক্সিমো জাতীয় লোক, আর Me'tis-রা আমাদের দেশে অ্যাংলো-ইন্ডিয়ানদের মতো। প্রধানত ফরাসী আর ইন্ডিয়ানদের মিশ্রণে তৈরি। কানাডার ইন্ডিয়ানদের মধ্যে অনেক উপজাতি আছে। সরকারিভাবে এই উপজাতিদের সতেরোটি ভাগে ভাগ করা হয়েছে। এটাও আদিবাসীদের এক আপত্তির কারণ। ওরা মনে করে ইউরোপীয়রা নিজেদের প্রয়োজন অনুযায়ী আদিবাসীদের বিভাজন করেছে। কে আদিবাসী কে নয় ওরা ঠিক করে দেবার কে? আদিবাসীরা আদিবাসী নিজেদের পরিচয়ে, সরকারি আদিবাসী বিভাগের দয়ায় নয়।

বিভিন্ন উপজাতি সমাজ-ব্যবস্থার মধ্যে কিছুটা পার্থক্য আছে। কোনো কোনো উপজাতি তাদের দলপতি নির্বাচন করে। যেমন cree-রা ওদের দলপতি নির্বাচন করে। Haida-দের দলপতি নির্বাচিত হয় না। বংশানুক্রমিকভাবে চলে। Mikmaq-রা দক্ষতার বিচারে তাদের দলপতি বেছে নেয়। Iroquois-দের প্রথা হলো উপজাতি মায়েরা ঠিক করছে ওদের দলপতি। সব উপজাতি মিলে Assembly of first Nations বা আদিবাসী মহাসভা তৈরি করেছে। এই অ্যাসেমব্লি থেকে জাতীয় নেতা নির্বাচিত হন। ওভিড মারক্রেডি ১৯৯১ সালে জাতীয় নেতা নির্বাচিত হয়েছেন। তিনি Cree উপজাতির লোক। পেশায় আইনজীবী।

ওভিড আলোচনা প্রসঙ্গে বলেছিলেন আমাদের প্রাচীন শাসন পদ্ধতি খুব সুন্দর ছিল। We governed our people in a highly democratic way without using jails, formal court or harsh methods of social control। এই গণতন্ত্র ছিল সত্যিকারের গণতন্ত্র। আমাদের ইতিহাস এই গণতন্ত্রের ইতিহাস। আমাদের ইতিহাস যুদ্ধের কাহিনী নয়। আমাদের ইতিহাস মানবিক সম্পর্কের ইতিহাস—মানুষ, প্রকৃতি, পশুপাখির ঐক্যের কাহিনী।

অন্তর্নিহিত আত্মার ঐক্যের বার্তার ইতিহাস। বাইরে থেকে যারা এসেছে তারা অদৃশ্য প্রাণের দৃঢ় বন্ধনকে বুঝতে পারে না। বুঝতে চায়ও না। এরা পাশব শক্তিতেই বিশ্বাসী।

প্রথমে ওরা আদিবাসীদের সমানভাবে নিয়েছিল। ১৭৫২ সালে Treaty of Peace and Friendship সম্পাদন হয় ব্রিটিশ সরকার এবং Mikmaq উপজাতির মধ্যে। সেটা ছিল দুই সমান পক্ষের মধ্যে চুক্তি। কানাডা যখন ব্রিটিশ অধিকারে আসে এবং ফরাসীরা যুদ্ধে পরাজিত হয়। Treaty of Paris-এর পর ১৭৬৩ সালে ব্রিটিশ রাজঘোষণায় বলা হয় আদিবাসীদের জমি যেন কেড়ে না নেওয়া হয়। আদিবাসীরা আইনত জমির মালিক। ১৭৬৩ সালের ঘোষণা আদিবাসীদের নতুন কোনো অধিকার দেয়নি। সেই ঘোষণা সত্যকে স্বীকার করেছে মাত্র। কিন্তু ক্রমে প্রতারণা আরম্ভ হলো। ওরা আমাদের প্রবঞ্চনা করে আমাদের জমি কেড়ে নিতে শুরু করল। বর্তমানে মাত্র এক শতাংশ জমি আমাদের দখলে পড়ে আছে। এ এক দীর্ঘ বঞ্চনার কাহিনী।

কানাডিয়ানদের সঙ্গে আদিবাসীদের বিরোধের ক্ষেত্র মোটামুটি পাঁচটি। প্রথম, শুরু হয় কুখ্যাত The Indian Act থেকে যা তৈরি হয় ১৮৭৬ সালে। সেটা সংশোধিত হয় ১৯৫১ সালে প্রথমবার এবং দ্বিতীয়বার ১৯৮৫ সালে। এই একশ কুড়ি বছরের আইনটি প্রায় সব বিরোধের মূলে। এই আইনের বলে এক আকারহীন আমলাতন্ত্র আদিবাসীদের উপর রাজত্ব করে। যেন আদিবাসীরা কারো সম্পত্তি ফলে আদিবাসীদের অস্তিত্ব আজ বিপন্ন।

দ্বিতীয়, চারশটির মতো চুক্তি আছে আদিবাসী এবং কানাডিয়ানদের মধ্যে। তারা সেই সব চুক্তিকে মানে না। চুক্তি না মানার ফলে আদিবাসীদের বিশ্বাস ভেঙে গেছে। কানাডার সরকার সম্পর্কে একটা গভীর সন্দেহ জন্মেছে। প্রতি পদে আদিবাসীরা প্রতারণিত

হবার ভয়ে বাস করছে। কারণ কানাডিয়ানরা গণতন্ত্রে আলাদা জীবন পদ্ধতির এবং ভিন্ন সংস্কৃতির মূল্য বোঝে না। বিশেষ করে আদিবাসী ধর্মে তাদের কোনো শ্রদ্ধা নেই। গণতন্ত্র ভিন্নতাকে রক্ষা করে। কিন্তু কানাডিয়ানরা সব কিছু গ্রাস করতে চায়। তারা চায় মুখ্য স্রোতের সঙ্গে সব কিছু মিলে যাক।

তৃতীয়, জমি নিয়ে এখনও বিরোধ সমানে ঘটে যাচ্ছে। আদিবাসীদের হাতে এখন এক শতাংশ জমি পড়ে আছে। সেই এক শতাংশ থেকেও তাদের বঞ্চিত করার চেষ্টা চলেছে। এবং কোনো আবেদন নিবেদন গ্রাহ্য হয় না। অন্যায় মেনে নিয়েও কোনো প্রতিকার হয় না।

চতুর্থ, গ্রাসের মনোবৃত্তি এদের মধ্যে এতোই দুরন্ত যে, স্কুলে আদিবাসী ছাত্ররা তাদের ভাষায় কথা বললে শাস্তি ভোগ করতে হয়। সর্ব ক্ষেত্রে পরাজয় এবং গ্লানিতে ভুগে এদের মধ্যে মদ্যপের সংখ্যা বেড়ে গেছে। পরিবারে কলহ হিংসা বাড়ছে। আত্মহত্যা ভয়ানকভাবে বাড়ছে। হৃদরোগ বেড়ে যাচ্ছে। মানসিক রোগও তার সঙ্গে বেড়ে চলেছে। শিল্প সভ্যতার কোনো সুফল পাবার আগেই কুফলগুলি চারদিক থেকে ঘিরে ধরছে।

পঞ্চম, আদিবাসী সমাজ মর্মান্তিক দারিদ্র্যের শিকার হয়েছে। তাদের স্বনির্ভর অর্থনীতি ভেঙে পড়েছে। সমস্ত রকম প্রাকৃতিক সম্পদ তাদের হাত থেকে কেড়ে নেওয়া হয়েছে। শিকারের পশু, মাছ ধরবার স্বাধীনতা, বন থেকে খাবার সংগ্রহ করার সুযোগ এসব এখন এতোই নিয়ন্ত্রিত যে অনেক

অনেক আদিবাসী তার ফলে খাবার সংগ্রহ করার কোনো সুযোগই পাচ্ছে না। অথচ আদিবাসী সমাজের বাইরে এসে শিল্প সভ্যতার অংশ নিতেও তারা সুযোগ পাচ্ছে না। সেই কারণে আদিবাসী সমাজ গরিব থেকে গরিব হতে চলেছে।

আদিবাসী অর্থনীতিকে না বুঝলে আদিবাসী সমাজকে বোঝা যাবে না। Iroquois উপজাতিদের একটি কথা আছে যা অনেকটা প্রবাদের পর্যায়ে চলে গেছে। তা হলো Gus-win-tah ইংরেজিতে অনুবাদে দাঁড়ায় two-row-wampum। এর মূল কথা সমান্তরাল অর্থনীতি। আদিবাসীরা নিজেদের অর্থনীতিতে বাস করবে এবং ইউরোপীয়রা নিজেদের অর্থনীতিতে চলবে। কেউ কাউকে আক্রমণ করবে না। কিন্তু ইউরোপীয়রা আদিবাসীদের শাস্তিতে

থাকতে নিচ্ছে না। তাদের হাত থেকে যখন জমি চলে যেতে আরম্ভ করল তাদের স্বনির্ভর অর্থনীতির গোড়াটাই ভেঙে গেল। ইউরোপীয় অর্থনীতি শিল্পাশ্রয়ী, প্রকৃতি ধ্বংসকারী লোভী অর্থনীতি। আদিবাসী অর্থনীতি গ্রাসের অর্থনীতি নয়। আদিবাসী সমাজে ধনী-গরিব ছিল না। জমি থেকে আদিবাসীরা তাদের প্রয়োজন মতো খাবার উৎপাদন করে নিত। অরণ্য ছিল তাদের অফুরন্ত ভাণ্ডার। সে অরণ্যের অধিকার তাদের কাছ থেকে কেড়ে নেওয়া হয়েছে। মুক্ত নদীর স্রোতে মাছ ধরতো মেছুয়ারা। অফুরন্ত মাছ। সে মাছ মানুষের লোভের ফলে কমে যেতে লাগলো। বর্তমানে



কানাডার First Nations বা আদিবাসী

আদিবাসী মেছুয়াদের সে পেশায় অনেক বিধিনিষেধ এসেছে যা তিরিশ বছর আগেও ছিল না! বর্তমানে Fresh Water Fish Marketing Corporation এসে মেছুয়াদের স্বাধীন মাছধরা বন্ধ করে দিয়েছে। এর মধ্যে জলবিদ্যুৎ প্রকল্প এসে তাদের পেশাকে আরো খর্ব করে দিয়েছে। অনেক জলবিদ্যুৎ প্রকল্প আদিবাসীদের সর্বনাশ করেছে— তাদের জমি বাজেয়াপ্ত হয়েছে। ওভিড বললেন, দুই হাজার সাল না পেরোতেই আমাদের মধ্যে চার লক্ষ লোক বেকার হয়ে পড়বে। আমরা কানাডার অর্থনৈতিক ব্যবস্থার বাইরে বাস করি। কিন্তু কানাডার অর্থনৈতিক যে মুখ্য স্রোত তা আমাদের ধ্বংস করে দিয়েছে এবং উত্তরোত্তর আরো ধ্বংস করবে। আদিবাসী হস্তশিল্প একেবারে নষ্ট হয়ে গেছে। আজকে তার কোনো বাজার নেই। তার বাজার তৈরির কোনো ব্যবস্থা করা হয়নি। আগে কোনোদিন আমরা বাসস্থানের অভাব বোধ করিনি। আমাদের এখন বাসস্থানের অভাব দেখা দিয়েছে। আগে অফুরন্ত কাঠ ছিল। মুক্ত অরণ্যে আমরা সে কাঠ পেতাম। সব অরণ্য আমাদের থেকে কেড়ে নেবার ফলে আমরা কাঠ পাই না। এক কথায় আমরা আমাদের মতো বাঁচতে পারি না। সে অধিকার আমরা হারিয়েছি। এর চেয়ে বড় যন্ত্রণা আর কি হতে পারে। বাঁচার যন্ত্রণায় অনেক ছেলে-মেয়ে আত্মহত্যা করেছে। আমাদের সমাজে এখন আত্মহত্যার হার সর্বোচ্চ। ছেলে-মেয়েরা একক এবং দলবদ্ধভাবে আত্মহত্যা করে। একই কারণে মদের নেশায় লোকেরা ডুবে থাকে, অথচ মদের নেশা আদিবাসী লোকদের জানা ছিল না। মদ সুপরিচিন্তভাবে আদিবাসীদের মধ্যে ঢুকিয়ে দেওয়া হয়েছে। এইভাবে আদিবাসী অর্থনীতি এবং সমাজকে চূড়ান্ত বিপর্যয়ের পথে ঠেলে দিয়েছে।


The Indian Act—এই আইনটিকে ভালোভাবে জানা দরকার। এই আইনটি আমাদের সব

অধিকার নিয়ে নিয়েছে। এই আইনটি আদিবাসীদের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত আঁটেপুঁটে বেঁধে রেখেছে। এই আইন দ্বারা আদিবাসী জীবন পরিচালিত হয়। তবু আদিবাসীরা একশো কুড়ি বছরের এই আইনটি গ্রহণ করেনি। এটা আমাদের উপর চাপানো হয়েছে। আমরা কোথায় বাস করবো, কিভাবে বাস করবো এই আইনটি নিয়ন্ত্রণ করে। এই আইনের বিধিনিষেধের মধ্যে আমাদের জীবন চলে। এমন কি আদিবাসীরা কাকে বিয়ে করবে এই আইন তাও নিয়ন্ত্রণ করে। একজন আদিবাসী মহিলা আদিবাসী সমাজের বাইরে বিয়ে করলে সে আর আদিবাসীভুক্ত থাকবে না। ফলে বহু মহিলা আদিবাসীর পরিচয় হারিয়েছে। আদিবাসীদের সংরক্ষিত এলাকায় বাস করার অধিকার হারিয়েছে। তাদের সন্তানরা আদিবাসীর জন্য সংরক্ষিত সব সুযোগ হারিয়েছে। শুধু মহিলা নয় যারা উচ্চশিক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষা লাভ করে, যারা খ্রিস্টান হয়ে পুরোহিত হয় এবং যারা সৈন্য বিভাগে যোগ দেয় তারা আদিবাসী হিসাবে পরিচিত হয় না। আদমশুমারের সময় যারা কোনো কারণে এলাকায় উপস্থিত থাকতে পারে না তাদের আর আদিবাসী বলে গ্রহণ করা হয় না। The Indian Act অনুযায়ী আদিবাসীরা জমির অধিকার রক্ষার জন্য কোনো আইনজ্ঞ নিযুক্ত করতে পারে না। কোনো চুক্তির ব্যাপারেও আইনজীবীর আশ্রয় নিতে পারে না। এবং আদিবাসীদের পক্ষে সব চেয়ে নির্মম ওদের পবিত্র সূর্যন্ত বোম্বাইনী করা হয়েছে।

ওভিড আরো বললেন, আমার নিজের ক্ষেত্রে দেখুন। আমি আদিবাসীদের জাতীয় নেতা হবার আগে পর্যন্ত আমাকে Bill C-31 Indian পর্যায়েভুক্ত করে রেখেছিল। Bill C-31 1985 সালের Indian Act-এর সংশোধনের পর হয়েছে। এর ফলে আমি আদিবাসী হিসাবে গণ্য হতাম না। কারণ আমার মা জর্জ মারক্লেডিকে বিয়ে করেছিলেন। তিনি ছিলেন Me'tis সম্প্রদায়ভুক্ত। এই পঞ্জীকরণ আমাদের পক্ষে অসম্মানকর। আমরা এই অপমান মেনে নিতে পারি

না। ক্ষমতার জোরে আমার মা-বাবার, আমার বা আমার কন্যার পরিচয় ওরা ঠিক করে দেবে এটা মানতে পারি না। ওরা মানে রেজিস্ট্রি বিভাগের রেজিস্টার।

আমাদের রাজনৈতিক সম্বন্ধ আরম্ভ হয়েছিল ইংলন্ডের রাজার সঙ্গে। কানাডার ফেডারেল সরকারের সঙ্গে নয়। কানাডার ফেডারেল সরকার ক্ষমতা পেয়েছে ইংলন্ডের রাজ্য থেকে হাতবদলের



ফলে—delegation-এর মাধ্যমে। আমরা সেই হাতবদলে অংশীদার নয়। সেই হাতবদলে আমাদের মতামত নেওয়া হয়নি। চুক্তির একতরফা হাতবদল হয় না। সুতরাং ফেডারেল সরকার থেকে আমাদের অধিকার আসেনি। ওভিডের ভাষায়—It means that our rights come from our own people, our own past, they cannot be delegated from the federal or provincial governments as some kind of handout।

এ নিয়ে অহরহ বিরোধ লেগেই আছে। সব চেয়ে বড় বিরোধ এখন ক্যুবেকের সঙ্গে। ক্যুবেকে প্রায় দশ রকমের উপজাতি রয়েছে। কিন্তু প্রত্যেকেই তাদের ভবিষ্যত অস্তিত্ব নিয়ে চিন্তিত। পাঁচ বছর আগে এক গল্ফখেলার মাঠ নিয়ে এক সমস্যা দেখা দেয়। এটাকে Oka সমস্যা হিসাবে অভিহিত করা হয়। মাঠটা বাড়াতে Mohawk উপজাতীয় লোকেরা বাধা দেয়। তারা বলে তাদের জমি বেআইনীভাবে জবরদখল করা হচ্ছে। তা নিয়ে পুলিশ এবং সৈন্যদলকেও ডাকা হয়। এতটা বাড়াবাড়ি করবে ক্যুবেকের সরকার আদিবাসীরা ভাবতে পারেনি। জমি নিয়ে যে বিরোধ চলছে তার এক ছোট নমুনা মাত্র Oka সমস্যা। জলবিদ্যুৎ নিয়েও সমস্যা বেশ বড় আকার নিয়েছে। বর্তমানে ক্যুবেকের ভবিষ্যত নিয়ে অনিশ্চিতি দেখা দিয়েছে। ক্যুবেক যদি কানাডা থেকে আলাদা হয়ে যায়

তাহলে আদিবাসীদের অবস্থা কি হবে জানি না। ক্যুবেক আলাদা হলে আমাদের মতামত ভিন্নই আলাদা হবে। ওদের ইচ্ছে অনুসারে আমাদের অস্তিত্ব মেনে নিতে হবে। আমাদের যত চুক্তি ইংলন্ডের সঙ্গে হয়েছে। ক্যুবেকের আলাদা সরকার হলে আমাদের নতুন রাজনৈতিক পরিস্থিতিতে পড়তে হবে। ভবিষ্যত রাজনৈতিক

অনিশ্চিতির চিন্তা আদিবাসীদের ভয়ানকভাবে অস্থির করে তুলেছে।

দুই

এই অবস্থায় গান্ধীজি কি করতেন? গান্ধীজির প্রসঙ্গ স্বাভাবিকভাবে এলো যখন ওভিড বললেন—Mahatma Gandhi had a profound influence on me as youngster growing up in a remote community in Manitoba। এখন গান্ধীজি আমার পথপ্রদর্শক। আমি বোধহয় সাত/আট বছর বয়েসে গান্ধীজির বিষয় জানতে পারি। Life ম্যাগাজিনের পাতায় গান্ধীজির ছবি দেখেছিলাম। সেই ছবি দেখে মনে হয়েছিল এই মানুষটি সাধারণ মানুষ নন। তাঁর মধ্যে আধ্যাত্মিক শক্তির কথা পরে জেনেছিলাম। তাঁর অহিংস অসহযোগ আন্দোলনের ইতিহাস আমার জীবনকে বিরাটভাবে প্রভাবিত করেছে। তাঁর পথেই আমরা চলেছি। আমাদের আন্দোলন অহিংস আন্দোলন। আমাদের আন্দোলনকেও আমি হিংসার পথে যেতে দেব না। যদিও অনেক যুবক অস্থির হয়ে উঠেছে। ওভিড বললেন আমি এও জানি—Non-violence and civil disobedience in the face of brute force, oppressive neglect and government tyranny require discipline, conviction, courage and sacrifice। আমি

বিশ্বাস করি— Unlike violence, ‘ahimsa’ or the way of non-violence is a discipline. Violence is a negative force, while ahimsa is a positive force।

যিনি অহিংসার উপর এমন গভীর প্রত্যয় নিয়ে আদিবাসীদের জাতীয় নেতা হয়েছেন তাঁকে গান্ধীজির কি নতুন কথা শোনানো যায়। সেখানে উপস্থিত ছিলেন রবীন্দ্র বার্মা, যিনি গান্ধীদর্শনে পণ্ডিত ব্যক্তি। আর ছিলেন সত্যেন্দ্রকুমার দে, যিনি দেশে-বিদেশে অনেক গান্ধীবাদী নেতার সঙ্গে এবং তাঁদের আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন। ওভিড জানেন তাঁদের সংগ্রাম অহিংসার রাজপথ ধরে চলেছে। কিন্তু তাঁদের সমস্যার সমাধান তাঁদেরই বার করতে হবে, তাঁদের মাটি থেকেই প্রকাশ পাবে। কিন্তু আদিবাসীদের অস্তিত্ব কানাডিয়ানদের মুখ্য স্রোতে ডুবে যেতে দেবেন না। তাঁরা বিশ্বাস করেন এক নদী আর দুই ডিঙি তত্ত্বে। এর অর্থ হলো জীবনের রূপক নদীতে দুই ডিঙি সমান্তরালভাবে চলবে। কেউ কাউকে বাধা দেবে না। এটাই সাম্যের কথা। পারম্পরিক শ্রদ্ধার কথা। Chariottetown Accord-য়ের কথা হয়েছিল ১৯৯২ সালে। এতে একটি এক্য গড়ার চেষ্টা হয়েছিল। সংবিধানের কিছুটা রদবদল করে আদিবাসী স্বার্থরক্ষার চেষ্টা হয়েছিল। কিন্তু তা কার্যকরী হয়নি।

এটা ঠিক আদিবাসীরা শুধু কানাডায় নয় সারা বিশ্বে নিজেদের অস্তিত্ব বজায় রাখতে কৃতসংকল্প। জোর করে মুখ্য স্রোত ওদের উপর চাপিয়ে দিয়ে বা মার্কিন যুক্তরাষ্ট্রের মতো সবাইকে নিশ্চিহ্ন করে দিয়ে এদের সমস্যা সমাধান হবে না। ইউরোপীয়রা কোনোদিন আদিবাসীদের বুঝতে পারেনি। বোঝার চেষ্টাও করেনি। ১৮৫৪ সালে আমেরিকান রাষ্ট্রপতি ফ্রাঙ্কলিন পিয়ারস্কে লেখা আদিবাসী দলপতি Seattle-র চিঠির উদ্ধৃতি এক্ষেত্রে বোধহয় প্রাসঙ্গিক

হবে। টুকরো উদ্ধৃতি দেওয়া গেল—

- i) When the Great Chief in Washington sends word that he wishes to buy our land he asks much of us...
- ii) We know that the white man does not understand our ways. One portion of land is the same to him as the next.... He treats his mother, the earth and his brother, the sky as things to be bought, plundered sold like sheep or bright beads...
- iii) I am a savage and I donot understand any other way. I have seen a thousand rotting buffaloes on the prairie left by the white man who shot them from passing train. I am a savage and I donot understand how the smoking iron horse can be more important than the buffalo that we kill only to stay alive...
- iv) What is man without beast? If all the beasts were gone, man would die from the great loneliness of spirit. For whatever happens to the beasts, soon happens to man. All things are connected...
- v) This we know : the earth does not belong to man : man belongs to the earth. This we know all things are connected like the blood which unites one family...
- vi) The white too shall pass; perhaps sooner than all other tribes. Contaminate your bed, and you will one night suffocate in your own waste.

এ অভিসম্পত নয়, এ ঐতিহাসিক মর্মসত্য।

সৌজন্যে : সমতট প্রকাশন

DIRECTOR-SECRETARY'S REPORT

on
the Programme and Activities at
Gandhi Smarak Sangrahalaya, Barrackpore
from April, 2019 to June, 2019

■ IN-HOUSE ACTIVITIES :

1. Closing Ceremony of the Training Programme for Women on 'Cutting & Tailoring' (05.04.2019) :

The closing ceremony of the Training Programme for Women on 'Cutting & Tailoring', was held at the Sangrahalaya on April 5, 2019. Professor Prabir Dey, Director, Pranavananda Institute of Management & Technology, Bharat Sevashram Sangha and Shri Subhendu Kanjilal, Director, S.A.A.S.W.E. Trust, Barrackpore were present as the Special Guests in this programme. The participants of 'Cutting & Tailoring' Training and the new group of Women, who were selected for next training programme on 'Making of Soft Toys', attended the programme. In the beginning of the programme an opening song was performed by the group of women of cutting & tailoring training.



Professor Dey delivered his valuable speech on the various scopes for the women to involve themselves in the field of skill development in future. Shri Kanjilal also delivered his speech to motivate the participants so that they will be able to apply their training skills for the present society in future. The Sangrahalaya presented a short documentary entitled 'Sampurna' to

highlight the vision of such initiative of the Sangrahalaya through various skill development trainings for women. The participants of the old batch shared their



training experiences to the new comers. After completion the training on cutting & tailoring in March, 2019, the Sangrahalaya took a theoretical and practical examinations for the trainees and at the end of this closing ceremony the



mementos and the certificates with gradation according to their overall performances in the training, were provided to all the trainees.

2. Day-long Round Table Conference on 'Modern Education System and Gandhian Thought' (30.04.2019) :

Gandhi Smarak Sangrahalaya, Barrackpore organized a day-long Round Table Conference on 'Modern Education System and Gandhian Thought' at its premises on April 30, 2019. Sixty number of B.Ed. students both from Ashok Nilay Nivedita College of Education at Lakshmikantapur in the district of





South 24 Parganas and Swami Vivekananda College of Education for Women at Barrackpore in the district of North 24 Parganas, were participated in this Round Table Conference. The Sangrahalaya invited Professor Pinaki Chakraborti, Former Professor, Burdwan University and Shri Angshuman Sheth, Assistant Professor, Institute of Education (P.G.) for Women as the main Speakers. In the



first session of the conference the two Speakers delivered their presentations on the theme of the conference. The participants raised some valuable questions after their deliberations and all these questions were discussed in the second session of the conference during the time of group discussion among the participants.



3. Celebration of 158th Birthday of Rabindranath Tagore (09.05.2019) :

Gandhi Smarak Sangrahalaya, Barrackpore organized a programme to celebrate the 158th Birth Anniversary of Gurudev Rabindranath Tagore at its premises on May 9, 2019. The programme was divided in two parts. In the first part of the programme the Sangrahalaya organized a discussion on 'Gurudev & Mahatma' by the presence of some renowned personalities. Smt.



Alokparna Guha, renowned Dancer & Theatre Artist; Professor Pinaki Chakraborti, Former Professor, Burdwan University; Shri Chandan Sen, Dramatist; Shri Suvendu Kanjilal, Director, SAASE & W Trust; Shri Tapan Banerjee, Former



Head Master, Talpukur Kshetramohan High School and Shri Tushar Samanta, Former Head Master, Hindu School took part in this discussion programme. The whole discussion was conducted by the Director-Secretary of the Sangrahalaya. In the second part of the

programme a musical composition of Tagore, entitled '*Borisho Dhara Majhe Shantiro Bari*', was performed by the group of Artists and the Musical performance was directed by Smt Shubhra Dutta Chowdhury, a renowned Artist of Rabindra Sangeet.



■ OUTREACH ACTIVITIES :

1. Outreach Programme at Khelaghar, North 24 Parganas (06.04.2019) :

Gandhi Smarak Sangrahalaya, Barrackpore reached at an institution named 'Khelaghar', located in a small village called Badu in North 24 Parganas district. Khelaghar is a secular, charitable trust and welfare home and education resource center. It



provides shelter, food and education free of cost to "Children in need and in distress". This home was formed by Late Maitraye Devi, a well known writer, social worker and an ardent follower of Rabindranath Tagore,

in 1971. Set amidst the beauty of the village green, Khelaghar blends with its background and harmonizes with the flowing life around it. The Sangrahalaya organized an outreach programme at that place for the



children of that institution. A documentary film on Indian Freedom Movement was shown to the children. They also participated in the audio-visual spot quiz programme on life & activities of Mahatma Gandhi, conducted by the Director-Secretary of the Sangrahalaya.

2. Participatory Programme at Barsul Bratachari Sangha, Burdwan (10.05.2019) :

Barsul Bratachari Sangha, Burdwan, recognised by Bengal Bratachari Society celebrated 138th Birth Anniversary of Shri Gurusaday Dutta at their place on May 10, 2019. They invited the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore to attend their programme. The Director-Secretary of the Sangrahalaya attended their programme as Special Guest and delivered his speech on



relevance of Bratachari Art in present society and he also mentioned the basic similarity of thinking of Gurusaday Dutta to promote such practical art in the



field of education along with other renowned personalities during that time like Gurudev Rabindranath Tagore and Mahatma Gandhi. Shri Nitish Kumar Malik, MLA of North Burdwan Assembly was also present in this programme. The Learners of Bratachari Art of this organisation performed various performances, which were the special attractions of this programme.



3. Participatory Programme at Titagarh (13.04.2019) :

‘Do Something Foundation’—an Youth group organisation of Titagarh area in the district of North 24 Parganas organized a Seminar on ‘Peace and Composite Heritage’ at Ravindra Bhawan, Khardah in association with Millennium Care & Development. The theme of the Seminar was ‘For Peace, For Love, Come on for a



Dream, For Tomorrow’. The organisers invited the Director-Secretary of Gandhi Smarak Sangrahalaya, Barrackpore to deliver a speech on Mahatma Gandhi—An Apostle of Peace in this Seminar. The Youth Generations of this Organisation are providing their excellent efforts to spread the messages of peace to all kinds of people through

their several activities throughout the year in this area.



4. Participation in a Live Telecast Talk Show at Doordarshan Kendra, Kolkata (16.04.2019) :

On the occasion of 150th Birth Anniversary of Mahatma Gandhi Doordarshan Kendra Kolkata is telecasting a series of lectures in DD Bangla on various related issues on Gandhiji in several times throughout this year. On



April 16, 2019 they had scheduled a live programme on the topic of ‘Gandhian Philosophy on Communal Harmony’, which was telecast at 04:05 pm. Professor



Jaharlal Sen, Former Professor, Department of History, University of Calcutta & a renowned Gandhian Scholar and Shri Pratik Ghosh, Director-Secretary of Gandhi Smarak Sangrahalaya, Barrackpore was participated as Experts to discuss about this topic in this live Programme. Mrs. Gargi Ghosh performed the Gandhi

Bhajans at the beginning and at the end of the programme. Shri Sauvik Majumder conducted the whole programme as an Anchor.





To The Reader

I would like to say to the diligent reader of my writings and to others who are interested in them that I am not at all concerned with appearing to be consistent. In my search after Truth I have discarded many ideas and learnt many new things. Old as I am in age, I have no feeling that I have ceased to grow inwardly or that my growth will stop at the dissolution of the flesh. What I am concerned with is my readiness to obey the call of Truth, my God, from moment to moment, and, therefore, when anybody finds any inconsistency between any two writings of mine, if he has still faith in my sanity, he would do well to choose the later of the two on the same subject.

Harijan, 29.4.'33, p.2

M. K. Gandhi

Gandhi Smarak Sangrahalaya

14, Riverside Road, Barrackpore, Kolkata -700120

website : www.gandhimuseum.in ♦ e-mail : gandhimuseum.120@gmail.com

Editor : **Professor Jahar Sen**

Published and Printed by Pratik Ghosh, Director-Secretary, Gandhi Smarak Sangrahalaya, Barrackpore Kolkata -700120 and Printed from Satyajug Employees Co-operative Industrial Society Ltd., Kolkata -72

Subscription : ₹ 20.00